গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন অধিশাখা-২
www.rdcd.gov.bd

বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

নং-৪৭.০০.০০০০.০৩২.১৭.১৫০.১৭.৩৪৯

১১ শ্রাবণ ১৪২৯
তারিখ: ----------
২৬ জুলাই ২০২২

অফিস আদেশ

প্রায়শ: লক্ষ্য করা যাচ্ছে যে, দেশের বিভিন্ন সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ সাধারণ গ্রাহকদের অর্থ আত্মসাৎ করে পালিয়ে যায়, যা পরবর্তীতে ইলেকট্রনিক/প্রিন্ট মিডিয়া এর মাধ্যমে মন্ত্রণালয়ের গোচরীভূত হয়। জেলা/উপজেলা পর্যায়ের সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণ এ বিষয়ে পূর্বেই স্থানীয় প্রশাসন, সমবায় অধিদপ্তর/মন্ত্রণালয়কে অবহিত করলে আত্মসাৎ এর ঘটনা অনেকাংশে প্রতিরোধ করা সম্ভব হতো।

০২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে তার অধিক্ষেত্রের মধ্যে এ ধরনের অনাকাংখিত ঘটনা রোধ করার লক্ষ্যে প্রচার/প্রচারণা চালানো, গণসচেতনতা তৈরি করা; সন্দেহভাজন প্রতিষ্ঠানসমূহের বিষয়ে তথ্য সংগ্রহ করত: স্থানীয় প্রশাসন এবং তার উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করে/সাহায্য নিয়ে তাদের বিরুদ্ধে পূর্বাহ্নে আইনগত ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৬.০৭.২০২২

(সিদ্ধার্থ শংকর কুন্ডু)
উপসচিব
ফোনঃ +৮৮-০২-২২৩৩৫৫৫৬৩
admin2.section@rdcd.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা (বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণকে অবহিতকরণের অনুরোধসহ)।
০২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (**মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য**)।
০৩। সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (**সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য**)।
০৪। অধ্যক্ষ (অতিরিক্ত নিবন্ধক), বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা।
০৫। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
০৬। সিষ্টেম এনালিষ্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (**ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ**)।
০৭। জেলা সমবায় কর্মকর্তা (সকল) .....।
০৮। উপজেলা সমবায় কর্মকর্তা (সকল), উপজেলা সমবায় কার্যালয়, ... ।
০৯। অফিস কপি।